# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড
**Nuclear Power Plant Company Bangladesh Limited**
(An Enterprise of Bangladesh Atomic Energy Commission)
শান্তি ও সমৃদ্ধির জন্য পারমাণবিক শক্তি

নং- ৩৯.১০.০০০০.১০২.১১.০০২.২২-৫৭৩ তারিখ : ২৫.০৯.২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এর স্বত্তাধীন প্রতিষ্ঠান নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)-এ নিম্নের বর্ণনা মোতাবেক নিয়োগের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | পদ সংখ্যা | প্রবেশনকালে সাকুল্য বেতন (টাকা) | চাকুরি নিশ্চিতকরণের পর মূল বেতন (টাকা) | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ০১ | মিনিবাস চালক<br>গ্রেড : ১৫ | ০৪ | ১৭,৭০৫/- | ২৪,০০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং মাঝারী গাড়ী চালনার লাইসেন্স প্রাপ্তির পর মিনিবাস চালনায় ১ (এক) বছরের অভিজ্ঞতা |
| ০২ | জুনিয়র টেকনিশিয়ান (মেকানিক্যাল)<br>গ্রেড : ১৬ | ৯৯ | ১৭,০৪৫/- | ২১,৬০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [মেশিন টুল্স্ অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ মেকানিক্যাল টেকনোলজি] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৩ | জুনিয়র ল্যাব টেকনিশিয়ান (ফিজিক্স/কেমিস্ট্রি)<br>গ্রেড : ১৬ | ১০ | ১৭,০৪৫/- | ২১,৬০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমান বা ফিজিক্স/ কেমিস্ট্রি/ কেমিক্যাল টেকনোলজি বিষয়ে সমমানের শিক্ষা |
| ০৪ | জুনিয়র টেকনিশিয়ান (পাম্প)<br>গ্রেড : ১৬ | ১৬ | ১৭,০৪৫/- | ২১,৬০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে উচ্চ মাধ্যমিক (ভোকেশনাল) [প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং] বা উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৫ | টেকনিক্যাল অ্যাটেনডেন্ট<br>গ্রেড : ১৭ | ২৬ | ১৬,৫৫০/- | ২০,৪০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক (ভোকেশনাল/বিজ্ঞান) বা সমমানের শিক্ষা এবং যে-কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা |
| ০৬ | জুনিয়র টেকনিক্যাল অ্যাটেনডেন্ট<br>গ্রেড : ১৮ | ৫০ | ১৬,২২০/- | ১৮,৬০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক (ভোকেশনাল) বা মাধ্যমিক (বিজ্ঞান) বা সমমানের শিক্ষা |
| ০৭ | হেলপার (মিনিবাস/বাস)<br>গ্রেড : ২০ | ০৪ | ১৫,৫৫০/- | ১৬,৮০০/- | সরকার অনুমোদিত যে-কোনো শিক্ষা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং মিনিবাস/বাস চালনায় হেলপার হিসেবে ১ (এক) বছরের অভিজ্ঞতা |

**আবশ্যকীয় অন্যান্য যোগ্যতা :**

- ক্রমিক নং ১ ও ৭ ব্যতীত সকল পদের ক্ষেত্রে যে-কোন পাবলিক পরীক্ষায় ন্যূনতম জিপিএ/সিজিপিএ ৫.০০ এর মধ্যে ৪.০০ অথবা ৪.০০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে।
- মৌখিক ও লিখিত উভয় ক্ষেত্রে বাংলা ও ইংরেজি ভাষায় উৎকৃষ্ট যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- ২০.১০.২০২২ তারিখে সর্বোচ্চ বয়সসীমা : ক্রমিক নং ১ এর ক্ষেত্রে ৩৫ (পঁয়ত্রিশ) বছর এবং অন্যান্য সকল পদের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) বছর [তবে মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততিদের জন্য ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য]

**বেতন, সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্তাবলি :**

১. প্রথম ২ (দুই) বছর প্রবেশনকাল গণ্য করা হবে তবে তা বর্ধিত করা হতে পারে। প্রবেশনকাল সফলভাবে সমাপ্তি এবং প্রবেশনকালে এনপিসিবিএল কর্তৃক প্রণীত প্রশিক্ষণের ফলাফল এবং/অথবা পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে এনপিসিবিএল-এ চাকুরি নিয়মিতকরণ/নিশ্চিতকরণ করা হবে।

২. কর্মস্থল হবে বাংলাদেশের যে-কোন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে বা এনপিসিবিএল নির্ধারিত যে-কোন স্থানে।

৩. প্রবেশনকালে উপরের ৪ নং কলামে বর্ণিত হারে সাকুল্য বেতন এবং বিধি মোতাবেক উৎসব ভাতা প্রাপ্ত হবেন।

৪. এনপিসিবিএল-এর নিয়মিত চাকুরিতে নিয়োগের পর উপরের ৫ নং কলামে বর্ণিত হারে মাসিক মূল বেতন ও পারিবারিক আবাসন সুবিধা (অথবা পারিবারিক আবাসন সুবিধা না দিতে পারলে মূল বেতনের ৪০%–৬০% হারে বাড়িভাড়া ভাতা) এবং প্রযোজ্যতা অনুসারে মূল বেতনের ৪০% হারে প্রকল্প ভাতা / বিদ্যুৎ কেন্দ্র ভাতা, ছুটি নগদায়ন, যৌথ বীমা, কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি সহ অন্যান্য প্রান্তিক সুবিধাদি এনপিসিবিএল-এর বিধিমালা ও নীতিমালা অনুসারে প্রদান করা হবে।

৫. যোগদানকারীকে তার যোগদানের সময় এ মর্মে অঙ্গীকার নামা (Surety Bond) দাখিল করতে হবে যে, তিনি এনপিসিবিএল-এ যোগদানের তারিখ থেকে কমপক্ষে ১০ (দশ) বছর চাকুরি করবেন এবং যদি এনপিসিবিএল-এ ১০ (দশ) বছর চাকুরি সমাপ্তির পূর্বে স্বেচ্ছায় এনপিসিবিএল ত্যাগ করেন তবে তিনি এনপিসিবিএল, সরকার বা অন্য যে-কোন কর্তৃপক্ষ কর্তৃক তার জন্য ব্যয়কৃত সমুদয় অর্থ পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৬. এনপিসিবিএল-এ যোগদানের সময় যোগদানকারীকে গোপনীয়তা এবং নিরাপত্তা সংক্রান্ত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। ঘোষনা মোতাবেক যোগদানকারীকে কোম্পানি বা রাষ্ট্রের বা সরকারের বা কোনো এনপিপির নিরাপত্তার জন্য ক্ষতিকর বলে প্রতিয়মান হলে কর্তৃপক্ষ কোনো ক্ষতিপূরণ ছাড়াই চাকুরির অবসায়নসহ যেকোন আইনি ব্যবস্থা নিতে পারে।

**আবেদন ও নির্বাচন পদ্ধতি :**

১. আগ্রহী প্রার্থীকে "**Online Application Form**" এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় তথ্য সহ প্রার্থীর স্ক্যানকৃত ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। ২৮.০৯.২০২২ তারিখ থেকে ২০.১০.২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। http://npcbl.teletalk.com.bd ঠিকানায় "**Online Application Form**" পাওয়া যাবে।

২. অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্যতা অনুসারে প্রার্থীকে অনলাইনে আবেদন দাখিলের পূর্বের যে-কোন তারিখে "আবেদনের বিষয়ে নিয়োগকর্তা কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র (NOC)" সংগ্রহ করতে হবে যা মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. প্রত্যেক প্রার্থীকে তার আবেদন নিশ্চিতকরণের জন্য http://npcbl.teletalk.com.bd ঠিকানায় উল্লেখিত নির্দেশনা অনুসরণ করে যে-কোন Teletalk Mobile Connection থেকে এসএমএস (SMS) এর মাধ্যমে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা পরিশোধ করতে হবে।

৪. লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই ও প্রয়োজনীয় নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। বিদেশী সনদধারীদের মৌখিক পরীক্ষার সময় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সমমানের সনদ প্রদর্শন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হবে না।

৫. যে-কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

৬. এনপিসিবিএল কর্তৃপক্ষ কোন ধরণের কারণ দর্শানো ছাড়াই পদ-সংখ্যা বৃদ্ধি/হ্রাস করার এবং যে-কোন বা সকল আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

- কোম্পানী সেক্রেটারী

**বিস্তারিত তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন :** www.rooppurnpp.gov.bd অথবা http://npcbl.portal.gov.bd